

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৩৬

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৭. সালাতরত অবস্থায় আকাশের দিকে চোখ তুলে তাকানো (মাকরূহ) অপছন্দনীয়

بَابِ كَرَاهِيَةِ رَفْعِ الْبَصَرِ إِلَى السَّمَاءِ فِي الصَّلَاةِ

আরবী

أَخْبَرَنَا إِسْمَعِيلُ بْنُ خَلِيلٍ حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ أَخْبَرَنَا الْأَعْمَشُ عَنْ الْمُسَيَّبِ بْنِ رَافِعٍ عَنْ تَمِيمِ بْنِ طَرَفَةَ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ دَخَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَسْجِدَ وَقَدْ رَفَعُوا أَبْصَارَهُمْ فِي الصَّلَاةِ فَقَالَ لَتَنْتَهُنَّ أَوْ لَا تَرْجِعُ إِلَيْكُمْ أَبْصَارُكُمْ

বাংলা

১৩৩৬. জাবির ইবনু সামুরাহ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, (একদা) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মসজিদে প্রবেশ করলেন, আর তারা সালাতরত অবস্থায় আকাশের দিকে চোখ তুলে তাকিয়েছিল। তখন তিনি বললেন, "তোমরা অবশ্যই (এ থেকে) বিরত হবে, নচেত তোমাদের দৃষ্টিশক্তি আর তোমাদের নিকট ফিরে আসবে না।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ মুসলিম ৪২৮; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৭৪৭৩ এ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন